আজকের কাগজ

তারিখ 3 1 JUL 1992
পৃষ্ঠা ৭ কলাম ৫

16

# বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণের সিদ্ধান্ত প্রস্তাব কণ্ঠ ভোটে নাকচ

**কাগজ প্রতিবেদক :** গতকাল বৃহস্পতিবার সংসদের বেসরকারি সদস্য দিবসে মোট ৯টি উত্থাপিত সিদ্ধান্ত প্রস্তাব সম্পর্কে সিদ্ধান্ত নেয়া হয়েছে। প্রস্তাবগুলোর মধ্য থেকে ৩টি স্ব স্ব মন্ত্রণালয় সংক্রান্ত কমিটিতে পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট মন্ত্রীদের আশ্বাসের প্রেক্ষিতে ৪টি প্রস্তাব সংশ্লিষ্ট সদস্যরা প্রত্যাহার করে নিয়েছেন। ২টি প্রস্তাব কণ্ঠ ভোটে নাকচ হয়েছে।

লক্ষ্মীপুর-৪ আসন থেকে নির্বাচিত বিএনপির সাংসদ আব্দুর রব চৌধুরী উত্থাপিত অবিলম্বে দেশের উপজেলা ফৌজদারি ও দেওয়ানী আদালতসমূহ জেলা সদরে স্থানান্তরিত করার সিদ্ধান্ত প্রস্তাবটি আইন বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়েছে। প্রস্তাবটির ওপর ১০ জন সাংসদ সংশোধনী প্রস্তাব আনেন।

প্রস্তাবটি উত্থাপন করে আব্দুর রব চৌধুরী বলেন, উপজেলা পর্যায়ে সঠিকভাবে বিচার হয় না। ইতিমধ্যে প্রায় ১৯০টি দেওয়ানী আদালত প্রত্যাহারের নোটিশ জেলা প্রশাসকের কাছে আইন মন্ত্রণালয় থেকে পাঠানো হলেও কার্যকর হচ্ছে না। তিনি চলতি অর্থ বছরে আদালতগুলো জেলা সদরে আনার ওপর গুরুত্বারোপ করেন।

সংশোধনী প্রস্তাবের ওপর আলোচনায় উপাধ্যক্ষ আব্দুস শহীদ বলেন, স্বৈরাচার প্রশাসনকে জনগণের দোরগোড়ায় নিয়ে যাওয়ার কথা বলে বিচার ব্যবস্থাকে কলুষিত করেছে। এখন যে কেউ অর্থের বিনিময়ে ম্যাজিস্ট্রেটের সঙ্গে যোগসাজশে বিচারের রায় নিজের পক্ষে নিয়ে নিচ্ছে। জবাবে আইন প্রতিমন্ত্রী আমিনুল হক বলেন, গণতান্ত্রিক সরকার ক্ষমতায় এসে উপজেলা থেকে দেওয়ানী আদালতগুলো পর্যায়ক্রমে জেলা সদরে প্রত্যাহারের পদক্ষেপ নিয়েছে। এ পর্যন্ত ১৭৯টি প্রত্যাহার করা হয়েছে। অনুরূপভাবে ফৌজদারি আদালতগুলোও প্রত্যাহার করার আশ্বাস দিয়ে তিনি আব্দুর রব চৌধুরীকে তাঁর প্রস্তাবটি প্রত্যাহারের অনুরোধ করেন। আব্দুর রব চৌধুরী প্রস্তাবটি আইন বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানোর দাবি জানালে আইন প্রতিমন্ত্রী একমত হন। ডেপুটি স্পীকার হুমায়ুন খান পন্নী প্রস্তাবটি সংশ্লিষ্ট কমিটিতে প্রেরণ করেন।

জামালপুর-৩ আসন থেকে নির্বাচিত আওয়ামী লীগের সাংসদ মির্জা আজম উত্থাপিত "সকল বেসরকারি মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ করার সিদ্ধান্ত প্রস্তাবটি সংসদে কণ্ঠ ভোটে নাকচ হয়ে যায়।" প্রস্তাবটির ওপর ১০ জন সাংসদ সংশোধনী এনেছিলেন।